বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বিজ্ঞপ্তি নম্বর : ১৬/২০২৫

তারিখ ঃ ০৬ ফাল্গুন ১৪৩১ / ১৯ ফেব্রুয়ারি ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটি'র সদস্যভুক্ত ০২টি ব্যাংকে সমন্বিতভাবে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে **'অফিসার-রুরাল ক্রেডিট (ও-আরসি)'** এর ২৩৩টি শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	শিরোনাম	বিবরণ
১।	পদের নাম ও গ্রেড	'অফিসার-রুরাল ক্রেডিট (ও-আরসি)', (১০ম গ্রেড)
২।	Job ID Number	**10223** (আবেদনের ফি প্রদানের সময় নির্ধারিত স্থানে ব্যবহার করতে হবে)।
৩।	পদ সংখ্যা	২৩৩টি (জনতা ব্যাংক পিএলসি ১০০টি ও অগ্রণী ব্যাংক পিএলসি ১৩৩টি)
৪।	বেতন স্কেল	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০-৩৮৬৪০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।
৫।	শিক্ষাগত যোগ্যতা	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা চার বছর মেয়াদী স্নাতক/স্নাতক(সম্মান) ডিগ্রি থাকতে হবে। খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০১(এক) টিতে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে। গ) কোন পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। ঘ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে: (১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে- জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব — প্রথম বিভাগ জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম — দ্বিতীয় বিভাগ (২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে- অর্জিত সিজিপিএ: ৪.০০ পয়েন্ট স্কেলে / ৫.০০ পয়েন্ট স্কেলে — সমতুল্য শ্রেণি/বিভাগ ৩.০০ বা তদূর্ধ্ব / ৩.৭৫ বা তদূর্ধ্ব — প্রথম বিভাগ/শ্রেণি ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম / ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম — দ্বিতীয় বিভাগ/শ্রেণি
৬।	বিশেষ শর্ত	নিয়োগপ্রাপ্তদের শুধু কৃষি ঋণ সম্পৃক্ত/গ্রেড-২, ৩ এবং ৪ শাখাসমূহে পদায়ন করা হবে এবং সেখানে কৃষি ঋণ সম্পৃক্ত যাবতীয় কাজ করতে হবে। তাদেরকে বাধ্যতামূলকভাবে পল্লি এলাকায় অবস্থিত কৃষি ঋণ সম্পৃক্ত/গ্রেড-২, ৩ এবং ৪ শাখাসমূহের আওতাধীন গ্রামের বাড়ি বাড়ি গিয়ে জরিপের মাধ্যমে সঠিক ঋণগ্রহীতা নির্বাচন করে কৃষি ঋণ বিতরণ ও একইভাবে কৃষি ঋণ আদায় কার্যক্রমের দায়িত্ব পালন করতে হবে। দুইটি উচ্চতর পদে অর্থাৎ প্রিন্সিপাল অফিসার (পিও) পদে পদোন্নতি পাওয়ার পূর্ব পর্যন্ত ঐ সকল গ্রেডভুক্ত/কৃষি ঋণ সম্পৃক্ত শাখাতেই কর্মরত থাকতে হবে এবং কোনক্রমেই কৃষি ঋণ সম্পৃক্ত নয় এমন শাখা এবং গ্রেড-১, কর্পোরেট-২, ও কর্পোরেট-১ শাখায় বা এরিয়া অফিস/ডিভিশনাল অফিস বা প্রধান কার্যালয়ে বদলি/পদায়ন করা হবে না। তবে প্রিন্সিপাল অফিসার (পিও) পদে পদোন্নতি পাওয়ার পর এ সকল বাধ্যবাধ্যকতা রহিত হবে।

৭। বয়স : ১৮/১১/২০২৪ তারিখে সকল প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন ২১ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর।

৮। আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ২৩/০৩/২০২৫ তারিখ, রাত ১১.৫৯ টা।

৯। আবেদন ফি প্রদান, Payment Verify এবং Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময়: ২৫/০৩/২০২৫ তারিখ, রাত ১১.৫৯ টা।

১০। আবেদন ফি : অফেরতযোগ্য টা: ২০০/-(টাকা দুইশত মাত্র)। ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য ১১ (ট) দ্রষ্টব্য।
(অনগ্রসর নাগরিক গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য সরকার নির্ধারিত আবেদন ফি টা: ৫০/-(টাকা পঞ্চাশ মাত্র) যা পরবর্তীতে তাদের আবেদন ও দাখিলকৃত দলিলাদি যাচাই সাপেক্ষে সমন্বয় করা হবে। এ বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে)।

১১। আবেদন পদ্ধতি :

ক. **Online Registration :** কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরতঃ আবেদন করতে হবে। ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান CV ব্যবহার করে আবেদন করতে পারবেন। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID Number :** বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীকে বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থী Online এ নিবন্ধন সম্পন্ন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে। **একজন প্রার্থী একের অধিক CV তৈরি করতে পারবেন না।**

গ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা :** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী তাঁর স্বামীর স্থায়ী ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে আবেদন দাখিলের পরে কোন প্রার্থী বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চ. **ছবি (Photo) :** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই নির্ধারিত স্থানে 600x600 pixel ও file size 100 KB এর বেশি নয় এরূপ মাপের অনধিক তিন মাস পূর্বে তোলা রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত) scan করে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. **স্বাক্ষর (Signature) :** নির্ধারিত স্থানে 300x80 pixel ও file size 60 KB এর বেশি নয় এরূপ মাপের (প্রার্থীর নিজের) স্বাক্ষর scan করে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে।
নিবন্ধনকৃত কোন প্রার্থীর ছবি/স্বাক্ষর পরিবর্তনের প্রয়োজন হলে **CV ID Number উল্লেখপূর্বক স্ক্যানকৃত ছবি/স্বাক্ষরসহ (.jpg/.gif/.png ফরম্যাটে) প্রার্থীর নিবন্ধিত ই-মেইল হতে info.bscs@bb.org.bd-এ ই-মেইল প্রেরণ করতে হবে।

জ. **অর্জিত ডিগ্রির ফলাফলের তারিখ :** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রির ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

ঝ. **বিদেশি ডিগ্রিধারী প্রার্থী :** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য সম্বলিত ডকুমেন্ট মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ঞ. **প্রতিষ্ঠান পছন্দক্রম :** Online আবেদনে প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পছন্দের ক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে তাদের অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। আবেদন দাখিলের পর আবেদনকৃত প্রতিষ্ঠান পছন্দের ক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

ট. **Application Fee Payment পদ্ধতি :** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (MFS) 'রকেট' এর অ্যাপ বা ম্যানুয়াল পদ্ধতির **"Bill Pay"** অপশন ব্যবহার করে ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে সংশ্লিষ্ট **Job ID Number, নিজ CV ID Number** এর ১ম অংশ {হাইফেনের (-) আগের অংশ}, ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই 'ঠ' ক্রমিকে উল্লিখিত পদ্ধতিতে পৃথকভাবে Payment Verify সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**
***আবেদন ফি'র Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে।

ঠ. **Payment Verify :** প্রার্থীকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment সাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পন্ন করতে হবে। কোনো আবেদনকারী **Payment Verify** সম্পন্ন না করলে পরবর্তীতে **Admit Card** ডাউনলোড করতে পারবেন না। ভুল JOB ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা নির্দিষ্ট সময়ের মধ্যে Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না এবং এক্ষেত্রে আবেদন ফি ফেরৎ প্রদান কিংবা সমন্বয় করা সম্ভব হবে না।

ড. **Tracking Page সংগ্রহ :** Payment Verify সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো অবস্থাতেই **Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ঢ. Online আবেদনে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১২। প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

১৩। প্রার্থীকে প্রাথমিক নির্বাচনী, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪। প্রার্থীকে Online আবেদনের সময় কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের স্বপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়াস্তে কোনো গুরুতর ত্রুটি ধরা পড়লে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১৫। চাকুরীরত প্রার্থীকে তাঁর নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

১৬। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৭। সংশ্লিষ্ট ব্যাংকসমূহ তাদের স্ব স্ব বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

বিশেষ দ্রষ্টব্য: শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও **Payment Verify** সম্পন্ন করতঃ **Tracking Page** টি হার্ডকপি ও সফটকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

সূত্র নং ডিসিপি ৪৮/২০২৫-৫১৭
তারিখ ঃ ১৯/২/২৫

স্বাক্ষরিত/-
(মিজানুর রহমান আকন)
পরিচালক (বিএসসিএস) ও সদস্য-সচিব
ব্যাংকার্স সিলেকশন কমিটি।

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।

GD-475

WEST ZONE POWER DISTRIBUTION CO. LTD.

(An Enterprise of Bangladesh Power Dev. Board)
Office of the Chief Engineer
Bidyut Bhaban, 35 Boyra Main Road, Khulna
Ph: 02477-730484, Fax: 02477-730484

Memo No: 27.22.4785.010.74.001.25/465 Date: 19.02.2025

Corrigendum
e-Tender (NCT)

Due to some unavoidable reason e-Tender ID- 1064990, Tender for "Supply and Delivery of 10 Nos. 33 KV and 15 Nos. 11 KV ACR (automatic circuit recloser) at different Store in WZPDCL.", have been made the following amendment. All concerned are requested to take necessary action accordingly.

Corrigendum / Amendment No.: 1

Amendment / Corrigendum Text:

Subject	Previous Value	Present Value
Section 5. Price and Delivery Schedule for Goods (Form e-PG3-3A) Delivery Period (in days)(Note:1) column (6)	90 days	150 days
Both 11 KV and 33 KV ACR GTP no 37.Operation Counter	shall indicate total operation	If any to be mentioned.

All other terms & conditions in the Tender Notice shall remain unchanged.

19/02/2025
(Engr. MD. Mamunur Rahman)
Superintending Engineer (P&S),
WZPDCL, Khulna.

GD- 470

WEST ZONE POWER DISTRIBUTION CO. LTD.

(An Enterprise of Bangladesh Power Dev. Board)
Office of the Chief Engineer
Bidyut Bhaban, 35 Boyra Main Road, Khulna
Ph: 02477-730484, Fax: 02477-730484

Memo No: 27.22.4785.010.74.001.25/451 Date: 18.02.2025

e-Tender Notice (NCT)

e-Tender for the office of the Superintending Engineer (P&S) invites in the National e-GP system Portal(www.eprocure.gov.bd) for the procurement of following goods:

Sl	Tender ID	Name of Tender	Last Selling and Closing Date & Time
1	1070821	Supply of 620 KM AAC WASP (Insulated) Conductor, 300 KM AAC ANT(Insulated) and 7.5 KM 95 rm copper (Insulated) Conductor At different Store of WZPDCL, Khulna.	20-Mar-2025 13:00;BST 20-Mar-2025 15:00BST

This is an Online Tender, Where only e-tender will be accepted in the National e-GP System Portal and no offline/hard copies will be accepted.
To submit e-Tender, registration required in the National e-GP System Portal (www.eprocure.gov.bd).
The fees for downloading the e-Tender documents from the National e-GP System Portal have to be deposited online through any registered Bank.
Further information and guidelines are available in the National e-GP System Portal and e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

18/02/2025
(Engr. MD. Mamunur Rahman)
Superintending Engineer (P&S),
WZPDCL, Khulna.

GD- 467

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ সুপারের কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া।

"দরপত্র বিজ্ঞপ্তি"

স্মারক নং ৯০০ /১ম খন্ড(রেশন) তারিখ- ১৮/০২/২০২৫খ্রিঃ।

২০২৪-২০২৫ অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫পর্যন্ত) জন্য রেশন সামগ্রী ক্রয় এর নিমিত্তে দি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা/২০০৬ ও ২০০৮ অনুসারে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

১	মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ জননিরাপত্তা বিভাগ।
২	সংস্থা	বাংলাদেশ পুলিশ।
৩	দরপত্র সম্পাদনকারী প্রধান	পুলিশ সুপার ব্রাহ্মণবাড়িয়া।
৪	কি কারণে দরপত্র আহবান	জেলা পুলিশের রেশন সামগ্রী ক্রয়।
৫	দরপত্র নং	০৪/২০২৪-২০২৫খ্রিঃ
৬	তারিখ	১৮/০২/২০২৫খ্রিঃ
কাজের বিবরণ ঃ-		
৭	দরপত্রের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র।
অর্থের উৎস ঃ-		
৮	বাজেট ও অর্থনৈতিক খাত	রাজস্ব খাত।
তথ্যাদি ঃ		
৯	দরপত্র বিজ্ঞপ্তি প্রচারের তারিখ	২২/০২/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে
১০	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	১৭/০৩/২০২৫খ্রিঃ, বিকাল ১৬.০০ ঘটিকা।
১১	দরপত্র জমা প্রদানের সর্বশেষ তারিখ ও সময়	১৮/০৩/২০২৫খ্রিঃ, দুপুর ১২.০০ ঘটিকা। (নির্দিষ্ট সময়ের পর আর কোন দরপত্র গ্রহণ করা হবে না।)
১২	দরপত্র খোলার তারিখ ও সময়	১৮/০৩/২০২৫খ্রিঃ, দুপুর ১২.৩০ ঘটিকা।
অফিসের নাম ও ঠিকানা ঃ-		
১৩	দরপত্র ডকুমেন্ট/সিডিউল বিক্রয়কারী অফিস	০১। পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ০২। পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা।
	দরপত্র গ্রহণকারীর অফিস	০১। পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
	দরপত্র খোলার স্থান	০১। পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
দরপত্র সম্পর্কিত তথ্য ঃ-		
১৪	দরপত্রের যোগ্যতা	(১) হালনাগাদ ট্রেড লাইসেন্স (২)টিন/ইটিন সনদ(৩) আয়কর রিটার্ন জমার সনদ(৪)। ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ (৫) ব্যাংক সলভেন্সী সনদ (৬)ব্যাংক স্টেটমেন্ট (৭) এগ্রিকালসার লাইসেন্স (৮) এনআইডি কার্ডের ফটোকপি(৯)সয়াবিন তেলের ক্ষেত্রে বিএসটিআই কর্তৃক হালনাগাদপ টেষ্টিং রিপোর্ট (১০)অন্যান্য যোগ্যতা যাহা টেন্ডার ডকুমেন্ট/সিডিউলে (PG-2/PG-3) উল্লেখ আছে।(বিদ্রঃ সকল ডকুমেন্টস হালনাগাদ হতে হবে)
১৫	মালামালের বিবরণ ঃ-	

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমান (টন)	দরপত্রের মূল্য (অফেরৎযোগ্য)	নিরাপত্তা জামানত (টাকা)	কাজ সম্পন্ন করার সময়
ক	উন্নত মানের মশুর ডাল ক্রয়	৩৮.০০	১,০০০/-	১,৫০,০০০/-	এপ্রিল/২৫-জুন/২৫পর্যন্ত
খ	উন্নত মানের সয়াবিন তৈল ক্রয়	৩৭.০০	২,০০০/-	২,০০,০০০/-	এপ্রিল/২৫-জুন/২৫পর্যন্ত
গ	ব্যবহৃত খালি বস্তা নিলাম	স্টোরে খালি বস্তার মজুত মোতাবেক	১,০০০/-	৫,০০০/-	কার্যাদেশ প্রাপ্তির ১৫ কার্য দিবসের মধ্যে
বিঃ দ্রঃ	মশুর ডাল ৩.৫ কেজি, ৪ কেজি ও ৫.৫ কেজি ওজনের প্যাকেট, সয়াবিন তৈল ০.৫ ও ২ লিঃ বোতল জাত সরবরাহ করতে হবে প্যাকেটের গায়ে স্পষ্টভাবে ওজন, প্যাকেট জাতের তারিখ ও মেয়াদ উত্তীর্নের তারিখ উল্লেখ করতে হবে।				

দরপত্র সম্পাদনকারীর বিবরণ ঃ

১৬	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম	এহতেশামুল হক
১৭	দরপত্র আহবানকারী কর্মকর্তার পদবী	পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
১৮	দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা	পুলিশ সুপারের কার্যালয়, কাউতলী, ব্রাহ্মণবাড়িয়া।
১৯	দরপত্র আহবানকারী কর্মকর্তার যোগাযোগের মাধ্যম	ফোন-০২৩৩৪৪২৭৬৮০, মোবাইল-০১৩২০-১১৪৯০০
২০	ক) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।	
	খ) দরপত্রে উল্লেখিত যে কোন আইটেমের পরিমান বৃদ্ধি অথবা কমানোর বিষয়ে কর্তৃপক্ষের ক্ষমতা রয়েছে।	
	গ) দরপত্র পিপিআর/২০০৬ ও পিপিআর/২০০৮ মোতাবেক সকল শর্তাবলী কার্যকর হবে।	
	ঘ) দরপত্র সিডিউলে যাবতীয় শর্তবলী উল্লেখ রয়েছে (বিস্তারিত জানতে রেশন শাখায় যোগাযোগ করতে পারেন ০১৭১২-২২৯৬০৬)।	

১৮-২-২০২৫
এহতেশামুল হক
বিপি-৮১০৮১২১৫৮১
পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
ফোন-০২৩৩৪৪২৭৬৮০,ফ্যাক্স-০২৩৩৪৪৩২০২৪
ই-মেইল-spbrahmmanbaria@police.gov.bd

GD-466